

# নজরুল বিশ্ববিদ্যালয়ে চারুকলা ও আইন অনুষদের গবেষণা প্রকল্প সেমিনার অনুষ্ঠিত

রইসুল আরাফাত, জাককানইবি প্রতিনিধি

প্রকাশিত: ২১:১৬, ১৩ জুলাই ২০২৫; আপডেট: ২১:১৭,  
১৩ জুলাই ২০২৫



ছবি: সংগৃহীত

জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয়ে চারুকলা ও আইন অনুষদের অধীনে ২০২৪-২৫ অর্থবছরে অনুমোদিত গবেষণা প্রকল্পসমূহের অগ্রগতি সেমিনার অনুষ্ঠিত হয়েছে।

রোববার (১৩ জুলাই ) সকাল ১০টায় বিশ্ববিদ্যালয়ের পুরাতন প্রশাসনিক ভবনের কনফারেন্স কক্ষে সেমিনারের উদ্বোধনী পর্ব অনুষ্ঠিত হয়। আইন অনুষদের ডিন মুহাম্মদ ইরফান আজিজ এবং চারুকলা অনুষদের ডিন প্রফেসর ড. মুহাম্মদ এমদাদুর রাশেদের যৌথ সভাপতিত্বে সেমিনারের উদ্বোধন করেন বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য প্রফেসর ড. মো. জাহাঙ্গীর আলম।

উপাচার্য তাঁর বক্তব্যে বলেন, “গবেষণাকে যুগোপযোগী ও বাস্তবভিত্তিক করতে হবে, যেন তা দেশের অগ্রগতিতে কার্যকর ভূমিকা রাখে। গত অর্থবছরে আইন ও চারুকলা অনুষদের গবেষণা কার্যক্রম ছিল প্রশংসনীয়। ভবিষ্যতেও এ ধরনের

গবেষণাকে আরও বেশি পৃষ্ঠপোষকতা দেওয়া হবে।” তিনি সেমিনারের প্রশ্নোত্তর পর্বকে গবেষণা সমৃদ্ধ করার এক অনন্য সুযোগ হিসেবে উল্লেখ করেন এবং সংশ্লিষ্টদের আন্তরিক ধন্যবাদ জানান।

সেমিনারে বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন বিশ্ববিদ্যালয়ের ট্রেজারার প্রফেসর ড. জয়নুল আবেদীন সিদ্দিকী, কলা অনুষদের ডিন প্রফেসর ড. মোহাম্মদ ইমদাদুল হুদা। স্বাগত বক্তব্য দেন চারুকলা অনুষদের পক্ষে প্রফেসর ড. তপন কুমার সরকার এবং আইন অনুষদের পক্ষে সহযোগী অধ্যাপক মো. আহসান কবীর। সেমিনারটি সঞ্চালনা করেন চারুকলা বিভাগের সহযোগী অধ্যাপক মাসুম হাওলাদার।

×

অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন সামাজিক বিজ্ঞান অনুষদের ডিন প্রফেসর ড. মো. বখতিয়ার উদ্দিন, ব্যবসায় প্রশাসন অনুষদের ডিন প্রফেসর ড. সাখাওয়াত হোসেন সরকার, রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত) প্রফেসর ড. মিজানুর রহমানসহ বিভিন্ন বিভাগের শিক্ষকবৃন্দ।

সেমিনারে চারুকলা অনুষদের পক্ষ থেকে তিনটি এবং আইন অনুষদের পক্ষ থেকে পাঁচটি গবেষণা প্রকল্প উপস্থাপন করা হয়। দিনব্যাপী এই আয়োজন বিশ্ববিদ্যালয়ের গবেষণাধর্মী কার্যক্রমকে আরও গতিশীল করার প্রত্যয়ে এগিয়ে নেবে বলে সংশ্লিষ্টরা আশাবাদ ব্যক্ত করেন।

---